তারিখ · 07·NOV·2017
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 7 ...

# অনির্দিষ্টকালের জন্য স্থগিত কুবির ভর্তি পরীক্ষা

■ নিজস্ব প্রতিবেদক, *কুমিল্লা*

অনিবার্য কারণ দেখিয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে। গতকাল সোমবার রাতে উপাচার্যের বাসভবনের কার্যালয়ে ইউনিটপ্রধানদের সঙ্গে এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় উপস্থিত থাকা 'এ' ইউনিটপ্রধান এবং বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. আবু তাহের বিষয়টি নিশ্চিত করেন।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, সোমবার রাত ৮টার দিকে কুবির উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফের সভাপতিত্বে তার বাসভবনের কার্যালয়ে ইউনিটপ্রধানদের সভায় ১৭ ও ১৮ নভেম্বরের ভর্তি পরীক্ষা অনিবার্য কারণ দেখিয়ে স্থগিত করা হয়। কবে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে, তা ওই সভায় সিদ্ধান্ত হয়নি। উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বিশ্রামে আছেন বলে তার বাসভবনের এক কর্মচারী জানান।